সমকাল

তারিখ 23 MAR 2016
পৃষ্ঠা ৩৯ কলাম ৬

# শিক্ষামন্ত্রী ও ইউজিসি চেয়ারম্যানের বৈঠক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নানের সঙ্গে বৈঠক করেছেন। ইউজিসি চেয়ারম্যানের দপ্তরে অনুষ্ঠিত এ বৈঠকে তারা উচ্চশিক্ষার বিভিন্ন দিক এবং বিডিরেনের (বাংলাদেশ রিসার্চ অ্যান্ড এডুকেশন নেটওয়ার্ক) কার্যাবলি নিয়ে আলোচনা করেন। সভাশেষে মন্ত্রী বিডিরেনের কার্যক্রম পরিদর্শন করেন। সভায় ইউজিসি সদস্য ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, ড. দিল আফরোজা বেগম, ড. মো. আখতার হোসেন, ড. এম. শাহ নওয়াজ আলি এবং ইউজিসি সচিব ড. মো. খালেদ উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।